



“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা -১০০০  
www.shishuacademy.gov.bd



স্মারক নং : ৩২.০৩.০০০০.৪০২.২৫.০১১.১৯- ২৪৫৪

তারিখ : ১১/১১/২০২১ খ্রি.

## নোটিশ

বাংলাদেশ শিশু একাডেমি কেন্দ্রীয় কার্যালয়ের সাংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগের সকল সম্মানিত প্রশিক্ষক, অভিভাবক ও প্রশিক্ষণার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিশু একাডেমি কেন্দ্রীয় কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর মুরাল আগামী ০১ ডিসেম্বর ২০২১ তারিখ বুধবার সকাল ১০.০০টায় উন্মোচন উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এ অনুষ্ঠানে ভার্চুয়াল পদ্ধতিতে প্রধান অতিথি হিসেবে গণভবন প্রান্ত হতে সংযুক্ত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত অনুষ্ঠানে শিশু একাডেমি সম্পর্কিত একটি ডকুমেন্টারী প্রদর্শন করা হবে। ডকুমেন্টারী নির্মাণের জন্য আগামী ১২ ও ১৩ নভেম্বর ২০২১ তারিখ যথাক্রমে শুক্রবার সকাল ও শনিবার দিনব্যাপী শিশু একাডেমিতে শূটিং করা হবে। উক্ত শূটিং কার্যক্রমে বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ ক্লাসের প্রশিক্ষণার্থীদের চিত্র ধারণ করা হবে।

এ উপলক্ষ্যে আগামী ১২ ও ১৩ নভেম্বর ২০২১ তারিখ যথাক্রমে শুক্রবার সকাল এবং শনিবার বিকালের প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করে ক্লাসে উপস্থিত থাকার জন্য এবং শূটিং কার্যক্রমে সহযোগিতা করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উক্ত আয়োজনটিকে সার্বিকভাবে সাফল্যমণ্ডিত করতে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

১১/১১/২০২১  
মো: আমির হোসেন খান  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
বাংলাদেশ শিশু একাডেমি